



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2021

গভর্নর ক্যাথি হোকল

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: গভর্নর হোকল ঘোষণা করলেন যে মাস্ক প্রোটোকল এখন কার্যকর, নতুন বহুল জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর উপলভ্য

মাস্ক এখন সকল ইনডোর গণ এলাকায় আবশ্যিক যদি না ব্যবসা বা ভেন্যুগুলি একটি টিকা আবশ্যিকতা বাস্তবায়ন করে

নতুন আবশ্যিকতা নিয়ে বহুল জিজ্ঞাসিত প্রশ্ন দেখুন [এখানে](#)

ব্যবসাসমূহের জন্য মাস্ক ও টিকা পোস্টার উপলভ্য [এখানে](#) এবং [এখানে](#)

স্বাস্থ্য কমিশনারের সিদ্ধান্ত পড়ুন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে [শুক্রবার ঘোষণা করা](#) সকল ইনডোর গণ এলাকায় মাস্ক প্রোটোকল এখন কার্যকর করা হলো, একই সাথে ব্যবসার মালিকদের জন্য এবং জনসাধারণের জন্য নতুন [বহুল জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর](#) প্রদত্ত হলো।

মাস্ক এখন সকল ইনডোর গণ এলাকায় আবশ্যিক যদি না ব্যবসা বা ভেন্যুগুলি একটি টিকা আবশ্যিকতা বাস্তবায়ন করে। যেমনটি [বহুল জিজ্ঞাসিত প্রশ্নের ওয়েবপেজে](#) বলা আছে, ইনডোর গণ এলাকা বলতে বোঝানো হবে ব্যক্তিগত বাসস্থান ছাড়া সকল ঘরের ভেতরের স্থানকে, অর্থাৎ সরকারি বা বেসরকারি ব্যবসার মালিকানাধীন ব্যবসাসমূহ এবং ভেন্যুগুলি যেখানে নিউ ইয়র্কবাসীরা ঘনঘন যায়। যার মধ্যে রয়েছে ইনডোর বিনোদন ভেন্যুগুলি, কনসার্ট হল, ইনডোর ক্রীড়া স্টেডিয়াম, বিনোদনের স্থান, রেস্টুরেন্ট, অফিস ভবন, শপিং সেন্টার, মুদি দোকান, ফার্মেসি, প্রার্থনার স্থান এবং আবাসিক ভবনে সকলের ব্যবহারের স্থান। ব্যবসাসমূহের ব্যবহারের জন্য মানুষকে মাস্ক পরতে এবং টিকা গ্রহণ করতে উৎসাহিত করার পোস্টার উপলভ্য [এখানে](#) এবং [এখানে](#)।

"গভর্নর হিসেবে, আমার শীর্ষ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং আমাদের অর্থনীতির স্বাস্থ্য সুরক্ষা, এবং এই অস্থায়ী ব্যবস্থাগুলি আমাদের নিরাপদে ছুটির মৌসুম পার করতে দিবে," **গভর্নর হোকল বলেন।** "সবার মতো আমিও হতাশ যে আমাদের এই পর্যায়ে আসতে হয়েছে, বিশেষ করে যেহেতু আমাদের কাছে টিকা রয়েছে। আমি লাখ লাখ নিউ ইয়র্কবাসীকে ধন্যবাদ জানাতে চাই যারা সম্পূর্ণ টিকা গ্রহণ করে সঠিক কাজটি করেছে। আমরা সবাই এই ব্যাপারে

একসাথেই আছি এবং যদি অন্যরাও এটি অনুসরণ করে তাহলে এই ব্যবস্থাগুলির আর প্রয়োজন হবে না।"

এই বৃহৎ পদক্ষেপটি গৃহীত হলো উল্লেখযোগ্য ও উচ্চ সংক্রমণের কমিউনিটিগুলোর জন্য [সেন্টার্স ফর ডিজিজ অ্যান্ড কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের \(Centers for Disease Control and Prevention, CDC\)](#) পরামর্শের সাথে সঙ্গতি রক্ষা করতে শীতকালীন সংক্রমণ বৃদ্ধি মোকাবেলার জন্য যেহেতু স্টেটব্যাপী কোভিড-19 [কেস ও হাসপাতালে ভর্তির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে](#)। স্টেটের স্বাস্থ্য কমিশনার বাধ্যবাধকতাগুলো নির্দিষ্ট করে দিয়ে [একটি সিদ্ধান্ত](#) ঘোষণা করেছেন।

এই ব্যবস্থা 15 জানুয়ারি, 2022 পর্যন্ত কার্যকর থাকবে, এরপর স্টেট বর্তমান পরিস্থিতির ভিত্তিতে পুনর্মূল্যায়ন করবে, এবং এটি ছুটির মৌসুমে যখন ইনডোর কেনাকাটা, একত্র হওয়া এবং ছুটির-থিমের গন্তব্যে বেড়াতে বেশি সময় ব্যয় করা হচ্ছে তখন প্রশমনের একটি সংযোজিত মাত্রা যোগ করবে।

ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "এখন এই পদক্ষেপ গ্রহণ ছুটির সময় শীতকালীন কোভিড-19 বৃদ্ধির রোধে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনাদের সকলেই এক্ষেত্রে অবদান রাখতে পারেন: টিকা নিন, ইতিমধ্যে টিকা গ্রহণ করে থাকলে বুস্টার নিন এবং মাস্ক পরুন। আমরা জনগণকে তাগাদা দিচ্ছি ভেন্যুগুলির সাথে সহযোগিতা করে ইনডোর গণ এলাকায় এই নতুন আবশ্যিকতাগুলি সমর্থন করুন। একত্রে এটি পার করতে আমাদের জন্য প্রয়োজন হলো সকলের নিজের কাজটি করা।"

কীভাবে ব্যবসা ও ভেন্যুগুলি টিকার প্রমাণ আবশ্যিকতা বা মাস্ক পরার আবশ্যিকতা বাস্তবায়ন করতে পারবে সে ব্যাপারে তথ্যের জন্য, [এখানে](#) বহুল জিজ্ঞাসিত প্রশ্ন দেখুন।

কোভিড-19 টিকা ও [বুস্টার ডোজ](#) বিনামূল্যে স্টেটব্যাপী বিস্তৃতভাবে পাওয়া যাচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে নিউ ইয়র্কবাসীরা [vaccines.gov](#) ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। স্টেটের পরিচালনাধীন কোনো গণ টিকাদান কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট নিতে, নিউ ইয়র্কবাসীরা [আমি কি যোগ্য \(Am-I-Eligible\) সাইটে](#) ভিজিট করতে পারেন। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারী, কাউন্টির স্বাস্থ্য বিভাগ, ফেডারেল যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য কেন্দ্র (FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা ফার্মেসিগুলোতে যোগাযোগ করতে পারেন।

নিউ ইয়র্কবাসীরা তাদের এক্সেলসিয়র পাস অথবা এক্সেলসিওর পাস প্লাস [এখান থেকে](#) সংগ্রহ করতে পারবেন। ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যুগুলো [এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ](#) ডাউনলোড করে নিতে পারেন—যা দেশব্যাপী যেকোনো ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিনামূল্যে এবং দশটিরও বেশি ভাষায় পাওয়া যাবে—[এখানে](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)